

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
উদ্বৃত্ত কর্মচারী শাখা  
www.mopa.gov.bd

নং-০৫.০০.০০০০.১৬৬.১১.০২৯.১১(অংশ)- ২২৪ (২৫০),

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২২  
২৮ মে, ২০১৫

পরিপত্র

বিষয়ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ সমূহের শূন্য পদের সংখ্যা ও তা পূরণ।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা- ০৩.০৬৯.০১৮.০৬.০০.০০৫.২০১৪-১৬২,  
তারিখঃ ১৫ সেপ্টেম্বর, ২০১৪খ্রিঃ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪.১১.২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ (২৫০) নম্বর পরিপত্রে রাজস্ব খাতের নন-ক্যাডার ১ম শ্রেণির, ২য় শ্রেণির এবং ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদের মধ্যে সরাসরি নিয়োগযোগ্য পদের ১০% পদ সংরক্ষণের বিধান বিদ্যমান আছে। প্রশাসনিক পুনর্বিন্যাস এবং সরকার কর্তৃক পদ বিলুপ্তির ফলে উদ্বৃত্ত কর্মচারী আত্মীকরণের লক্ষ্যে নন-ক্যাডার ১ম শ্রেণির, ২য় শ্রেণির এবং ৩য় ও ৪র্থ শ্রেণির ১০% সংরক্ষিত পদের তালিকা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় যদি ০৬ (ছয়) মাসের মধ্যে উক্ত সংরক্ষিত শূন্য পদে উদ্বৃত্ত কর্মচারিকে আত্মীকরণের মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না করে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ যথাসময়ে উক্ত শূন্য পদে জনবল নিয়োগ করতে পারবে। তবে সংরক্ষিত শূন্য পদ পূরণের পূর্বে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

  
( ড. কামাল আবদুল নাসের চৌধুরী )  
সিনিয়র সচিব

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
- ৬। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। গার্ড ফাইল।